

চিলমারীতে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে স্বেচ্ছাচারিতার অভিযোগ

প্রতিনিধি, চিলমারী (কুড়িগ্রাম)

কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের বিরুদ্ধে স্বেচ্ছাচারিতা, অসততা, উৎকোচ দাবির অভিযোগ এনে সেকেন্ডারি এক্সকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্টের প্রকল্প পরিচালক বরাবরে স্থানীয় ২৫টি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান লিখিত অভিযোগ দিয়েছে। অভিযোগে ওই কর্মকর্তার বদলিসহ তার বিরুদ্ধে আনীত বিভিন্ন অভিযোগের বিচার দাবি করা হয়েছে।

লিখিত অভিযোগে বলা হয়, ওই কর্মকর্তা ২০০৭ সালের প্রথম কিংবদন্তি উপবৃত্তির অর্থ যথাযথভাবে বিতরণ করেনি এবং দ্বিতীয় কিংবদন্তি ১ লাখ ৩৬ হাজার ৩৩০ টাকা বিতরণ না করে ছাত্রছাত্রীদের স্বাক্ষর জাল করে বিভিন্ন সেক্টর মাধ্যমে আত্মসার করেন। এছাড়াও উপবৃত্তির শর্তানুযায়ী শ্রাপ্য উপবৃত্তির অর্থ অনুমোদনের ক্ষেত্রে উৎকোচ দাবি করা হয়েছিল। কিন্তু তা পূরণ না করায় উপজেলার রানীগঞ্জ কাচারি এনএইচ দাবিল মাদ্রাসাসহ কিছু শিক্ষা প্রতিষ্ঠানে শ্রাপ্য উপবৃত্তির তথ্যাদি জমা না নিয়ে বরাদ্দকৃত অর্থ তিনি নানা উপায়ে ছাত্রছাত্রীদের প্রতি থেকে তাদের কে বঞ্চিত করেছেন। অভিযোগে আরও বলা হয়, ২০০৭ সালে বনানী স্কুলে ৫ উপজেলার ২১টি শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার ব্যয়ে ২১ থেকে ২৫ হাজার টাকা বরাদ্দ পাওয়া যায়। কিন্তু তিনি প্রকল্প কমিটির সনদ সচিব হওয়ার কারণে ১০% করে উৎকোচ দাবি করেন। ২ উপজেলার নির্বাহী কর্মকর্তাকে প্রতিষ্ঠান প্রধানদের পক্ষ থেকে অর্পিত করা হলে নির্বাহী কর্মকর্তার চতুর্ক্ষেপে তার অনাধু কার্য পূর্ণ হয়ে যায়। এছাড়াও অভিযোগটিতে আরও উল্লেখ করা হয়, তিনি বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শনকালে ছাত্রছাত্রীদের বিনা কারণে কান ধরে উঠবস করান। ২০০৭ সালে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষা চলাকালীন তিনি পরীক্ষা কক্ষে প্রবেশ করে কয়েক জন পরীক্ষার্থীকে কান ধরিয়ে বেঞ্চের ওপর দাঁড় করিয়ে রাখেন। ফলে ওই পরীক্ষার্থীরা মানসিকভাবে আহত

হয় এবং পরবর্তীতে তাদের চসাম্বল বিরূপ প্রভাব পড়ে। অভিযোগে ওই কর্মকর্তার বদলিসহ বিচার দাবি করে গত ৭ জুলাই সোলমারীপাড়া খীম মীন বা. দা. মাদ্রাসা, কাচকোল খামার সখিনা ইনসামিয়া দাখিল মাদ্রাসা, বজরা তবকপুর উচ্চ বিদ্যালয়, বালাবাড়ী হুট বাসিকা উচ্চ বিদ্যালয়, চিলমারী মহিলা ডিগ্রি কলেজ, পাত্রখাতা রিয়াজুল জান্নাহ দা. মাদ্রাসা, চিলমারী ডিগ্রি কলেজ, চিলমারী সিনিয়র মাদ্রাসা, মুদাফৎ বানা এসসি উচ্চ বিদ্যালয়, শরিফের হুট এম ইউ উচ্চ বিদ্যালয়, রানীগঞ্জ কাচারি এইচএন দা. মাদ্রাসা, ফকিরের হুট সিনিয়র মাদ্রাসা, ফকিরের হুট উচ্চ বিদ্যালয়, কাচকোল হুট উচ্চ বিদ্যালয়, চিলমারী উচ্চ বিদ্যালয়সহ মোট ২৫টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা স্বাক্ষর করে প্রকল্প পরিচালক বরাবরে পাঠিয়ে দেন। পাশাপাশি অভিযোগের অনুলিপি কুড়িগ্রাম জেলা প্রশাসক ও চিলমারী নির্বাহী কর্মকর্তাকে প্রদান করা হয়েছে।